# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ খায়বার ও ওয়াদিল কুরা যুদ্ধ (মুহাররম, ৭ম হিজরী) غَزْوَةُ خَيْبَرَ وَوَادِيْ الْقُرٰي (في المحرم سنة ٧ هـ))

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

---

সারিয়্যায়ে আবান বিন সা’ঈদ (سَرِيَّةُ أَبَانِ بْنِ سَعِيْدٍ):

সেনাধ্যক্ষগণের তুলনায় নাবী কারীম (ﷺ) অধিক গুরুত্বের সঙ্গে এ কথা বলতেন, যে হারাম মাসগুলো শেষ হওয়ার পর মদীনাকে সম্পূর্ণ অরক্ষিত রাখা কোন ক্রমেই দূরদর্শিতা কিংবা বুদ্ধিমানের কাজ হবে না। মদীনার আশেপাশে এমন সব বেদুঈনদের অবস্থান ছিল যারা লুটতরাজ এবং ডাকাতি করার জন্য সব সময় মুসলিমগণের অমনোযোগিতাজনিত সুযোগের অপেক্ষায় থাকত। এ কারণে তাঁর খায়বার অভিযানের প্রাক্কালে বেদুঈনদের ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে আবান বিন সাঈদের (রাঃ) নেতৃত্বে নাজদের দিকে এক বাহিনী প্রেরণ করেন। আবান বিন সাঈদ তার উপর আরোপিত দায়িত্ব পালন শেষে প্রত্যাবর্তন করলে খায়বারে নাবী কারীম (ﷺ)_এর সঙ্গে তাঁর সাক্ষাত হয়। ঐ সময় খায়বার বিজয় পর্ব শেষ হয়েছিল। অধিকতর বিশুদ্ধ তথ্য হচ্ছে, অভিযান ৭ম হিজরীর সফর মাসে প্রেরণ করা হয়েছিল। সহীহুল বুখারীতে এর উল্লেখ রয়েছে।[1] হাফেজ ইবনু হাজার লিখেছেন, ‘এ অভিযানের অবস্থা আমি জানতে পারিনি।’’[2]

ফুটনোট

[1] সহীহুল বুখারী যুদ্ধের অধ্যায়ে দ্রষ্টব্য, ২য় খন্ড ৬০৮-৬০৯ পৃঃ।

[2] ফাতহুল বারী ৭ম খন্ড ৪৯১ পৃঃ।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=6361

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন